দৈনিক ইনকিলাব

তারিখ 07 NOV 1997
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

77




*বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি শিক্ষকদের দাবী-দাওয়া আদায়ের লক্ষ্যে গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করে —ইনকিলাব*

# ৫ দফা দাবীতে প্রেসিডেন্টের কাছে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের স্মারকলিপি

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ ৫ দফা দাবী সংক্রান্ত একটি স্মারকলিপি প্রেসিডেন্টের নিকট প্রদান করেছেন। গতকাল সকাল ১০টায় সমিতির পক্ষ থেকে সভাপতি মোহাম্মদ শামসুল আলম, মহাসচিব আলহাজ আক্কাস আলী শেখ বঙ্গভবনে গিয়ে প্রেসিডেন্টের নিকট উক্ত স্মারকলিপি প্রদান করেন।

স্মারকলিপির দাবীসমূহ হচ্ছে ঃ

সকল রেজিঃ প্রাথমিক বিদ্যালয়গুলো জাতীয়করণ করা। জাতীয়করণের পূর্ব মুহূর্ত পর্যন্ত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় পূর্ণ বেতন স্কেল প্রদানসহ জুলাই '৯৬ হতে বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা, প্রশিক্ষণ ভাতা ও দুইটি উৎসব ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকাগণের আলাদা বেতন স্কেল প্রদান। যে সব শিক্ষকদের অনুদান ভাতা বন্ধ রয়েছে, অবিলম্বে তাদের ভাতা চালু করতে হবে। মহানগরীসহ সকল বিদ্যালয় ছাত্র অনুপাতে ৪-এর অধিক শিক্ষকের বেতন ভাতা প্রদান এবং নতুন বিদ্যালয়গুলো পুনঃনির্মাণ করতে হবে।

স্মারকলিপি প্রদান শেষে ঘোষিত কর্মসূচী অনুযায়ী শিক্ষকরা বেলা ১১টা থেকে ওসমানী উদ্যানের সামনে আগামী ৭ নভেম্বর বিকাল ৫টা পর্যন্ত ৩০ ঘন্টার অবস্থান ধর্মঘট শুরু করে। বিকাল ৫টার মধ্য দাবী পূরণ না হলে ঐ দিন বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।